

সূত্র : বিসিবিএল/প্রকা/সংস্থা/২০১৯/১১৩০

তারিখ : ৩১/০৭/২০১৯ইং

**বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেডের রূপদিয়া শাখার Civil Works, Sanitary Works, False Ceiling, Glass Works and Furniture Works, Sign Board Works, Electrical Wearing & Fitting Fixing Works and Miscellaneous Works সম্পাদনের জন্য কোটেশন আহবান।**

বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেডের রূপদিয়া শাখার Civil Works, Sanitary Works, False Ceiling, Glass Works and Furniture Works, Sign Board Works, Electrical Wearing & Fitting Fixing Works and Miscellaneous Works সম্পাদনের জন্য জরুরী ভিত্তিতে কোটেশন আহবান করা যাচ্ছে।

নক্সা এবং স্পেসিফিকেশন, Bill of Quantities (BOQ) ইত্যাদি সহ সিডিউল উৎপল কুমার দাশ, সিনিয়র এক্সিকিউটিভ অফিসার, সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, ইউনুস ট্রেড সেন্টার, লেভেল-২২, ৫২-৫৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ হতে- অফিস চলাকালীন সময়ে ৩১/০৭/২০১৯ইং থেকে ০৭/০৮/২০১৯ইং তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত সংগ্রহ করা যাবে। পূরণকৃত সিডিউল সীলগালা খামের উপর কাজের নাম উলেখপূর্বক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, সংস্থাপন ও জেনারেল সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে ইউনুস ট্রেড সেন্টার, লেভেল-২২, ৫২-৫৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এ রক্ষিত টেন্ডার বক্সে আগামী ০৮/০৮/২০১৯ইং তারিখ দুপুর ১.০০ টা পর্যন্ত জমা দেয়া যাবে যা ঐদিনই বেলা ১:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সিডিউলের সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন, আয়কর পরিশোধের সনদ পত্র, আর্থিক/কর্পোরেট/বহুজাতিক/সরকারী যে কোন প্রতিষ্ঠানে একক কার্যাদেশে একই প্রকৃতির ১০ লক্ষ বা ততোধিক টাকার কাজের কাজের সনদসহ অভিজ্ঞতার সনদপত্র, মালিকানা সংক্রান্ত তথ্য ইত্যাদির সত্যায়িত ফটোকপিসহ স্থপতি, প্রকৌশলী, যন্ত্রপাতি ইত্যাদির তালিকা দাখিল করতে হবে। এই কোটেশন নোটিশসহ সিডিউলের সকল পৃষ্ঠায় কোটেশন দাতার স্বাক্ষর ও কোটেশন দাতা প্রতিষ্ঠানের সীল দিতে হবে। সিডিউলে উল্লেখিত প্রতিটি আইটেমের ইউনিট দর প্রদান করতে হবে এবং সর্বমোট মূল্য অংক ও কথায় লিখতে হবে।

উল্লেখ্য যে, কার্যাদেশ প্রাপ্ত কোটেশন দাতা কর্তৃক কাজ সমাপ্তির পর মোট বিল মূল্যের ১০% সিকিউরিটি মানি হিসাবে জমা রাখা হবে যা কাজে কোন ত্রুটি দেখা না দেয়া সাপেক্ষে ১৮০ ক্যালেন্ডার দিন বা ০৬ মাস পর ফেরতযোগ্য। ট্যাক্স ও অন্যান্য চার্জেজ বিল হতে বিধি অনুসারে কর্তন করা হবে।

যে কোন বা সকল কোটেশন আংশিক বা সম্পূর্ণ রূপে গ্রহণের বা বাতিলের অধিকার ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত



উৎপল কুমার দাশ  
সিনিয়র এক্সিকিউটিভ অফিসার



নাজিম আনওয়ার  
সিনিয়র সহকারী ভাইস প্রেসিডেন্ট